কালের কণ্ঠ

তারিখ 21 JAN 2016
পৃষ্ঠা ২ নং কলাম ৬

সিলেটে ছাত্রলীগের কোন্দল

# বিশ্ববিদ্যালয় ছাত্রকে কুপিয়ে হত্যা

**সিলেট অফিস ▷**

প্রধানমন্ত্রীর সিলেট সফর উপলক্ষে তাঁকে স্বাগত জানিয়ে গত সোমবার ছাত্রলীগ আয়োজিত মিছিলের অগ্রভাগেই ছিলেন সংগঠনের কর্মী কাজী হাবিবুর রহমান হাবিব। পরদিন মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয় মাঠে তাঁর ওপর হামলা চালায় একই সংগঠনের প্রতিপক্ষ গ্রুপ। রাত পৌনে ১২টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

আজ বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর সিলেট সফরের আগে লাশ হতে হলো এই ছাত্রলীগ কর্মীর। উদ্ভূত পরিস্থিতিতে গতকাল বুধবার বিশ্ববিদ্যালয় দুই দিনের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

সিলেটে দীর্ঘদিন ধরে চলে আসা ছাত্রলীগের অন্তঃকোন্দলের আরেক বলি হাবিব নগরের ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগের স্নাতক (বিবিএ) শ্রেণির দ্বিতীয় সেমিস্টারের শিক্ষার্থী ছিলেন।

উল্লেখ্য, ২০১৪ সালে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষে সংগঠনের কর্মী ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিবিএ তৃতীয়বর্ষের ছাত্র সুমন দাস নিহত হন। এরপর দীর্ঘদিন শাহজালাল বিশ্ববিদ্যালয় বন্ধ ছিল।

মঙ্গলবার হামলায় নিহত হাবিবের লাশ ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালে ময়নাতদন্তের পর গতকাল গ্রামের বাড়ি কুমিল্লায় পাঠিয়ে দেওয়া হয়েছে। তাঁর ভাই কাজী জাকির হোসেন সিলেট কোতোয়ালি থানায় একটি মামলা দায়ের করেছেন।